FEED THE FUTURE

The U.S. Government's Global Hunger & Food Security Initiative

# কৃষি সম্প্রসারণ সেবায় জেন্ডার ও পুষ্টিকে সমন্বয়করণ

একটিভিটি শিট্
মার্চ-২০১৬

## কৃষি পণ্যের ভ্যালু চেইনে জেন্ডার ও পুষ্টিকে সংযুক্ত করার ক্ষেত্রে প্রধান বিবেচ্য বিষয়সমূহ

**সময়**

**প্রায় ২ - ৩ ঘন্টা**

**প্রয়োজনীয় উপকরণসমূহ**

**ফ্লিপ চার্ট, কাগজ, মার্কার, টেপ, ৫ইঞ্চি গুন ৮ইঞ্চি রঙ্গিন কার্ড, ভ্যালু চেইন কার্ড (আগে প্রস্তুত করে নিতে হবে।)**





### ভূমিকা

কৃষি ভ্যালু চেইনে নারী ও পুরুষের অংশ গ্রহণ করার উদ্দেশ্যের ভিন্নতা রয়েছে এবং তথ্য ও প্রযুক্তি ব্যাবহারে তাদের সামর্থের পার্থক্য রয়েছে। লিঙ্গ ভিত্তিক সুযোগ ও সিদ্ধান্ত গ্রহণের সীমাবদ্ধতা, সম্পদের ব্যবহার ও নিয়ন্ত্রণ, নারীর প্রতক্ষ্য ও পরোক্ষ অংশ গ্রহণের সামর্থ্যের পরিপ্রেক্ষিতে একটি কার্যকর কৃষি ভ্যালু চেইন সৃষ্টির করার পেছনে প্রতিবন্ধকতার কারণ কৃষিতে নারীর প্রতক্ষ্য ও পরোক্ষ অংশ গ্রহণের সামর্থ্য (যেমন যথাক্রমে উৎপাদক দল ও কাচাঁমাল/বিক্রেতা এবং ক্রেতা) ভ্যালু চেইনের সাথে সম্পর্ক উন্নয়নে বাধা। ভ্যালু চেইনের সাথে জেন্ডার ও পুষ্টির মাত্রা/ব্যাপ্তি বোঝার ফলে এবং কৃষি উৎপাদন, খাদ্য নিরাপত্তা এবং পারিবারিক পুষ্টির উন্নয়ন ঘটছে।

**উদ্দেশ্য**

- ✓ ভ্যালু চেইনের বিভিন্ন স্তরে জেন্ডার ও পুষ্টিকে সমন্বয় করার উপায় অনুসন্ধান করা। যার সম্পদের উপর নিয়ন্ত্রণ ও ব্যবহার করার সক্ষমতা আছে, প্রতিটি স্তরে তার উপর জোড় দেয়া। কে সিদ্ধান্ত নেয়, কে সিদ্ধান্তের বাস্তবায়ন করে ?
- ✓ ভ্যালু চেইনের বিভিন্ন স্তরে ক্ষমতার সম্পর্ক এবং সামাজিক নিয়মাবলী দৃঢ় করা।

### ভ্যালু চেইন কার্ড প্রস্তুত করা

প্রতিটি ভ্যালু চেইন বিশ্লেষণের জন্যে একসেট ভ্যালু চেইন কার্ড প্রস্তুত করতে হবে।

প্রতিটি ৫ইঞ্চি X ৮ইঞ্চি কার্ডে নিচের শব্দগুলো আলাদ ভাবে লিখুন ঃ

সরঞ্জাম ও ইনপুট সরবরাহকারী, উৎপাদনকারী, স্থানীয় ব্যবসায়ী ও বিপননকারী, পরিবহনকারী, প্যাকেজিং/প্রক্রিয়াজাতকারী, রপ্তানীকারক, খুচরা ব্যবসায়ী (দোকান/মুদি দোকান), ভোক্তা।

### ধাপসমূহ

১. অংশগ্রহনকারীরা ছোট-ছোট গ্রুপে ভাগ হওয়ার আগে কৃষি ভ্যালু চেইন সম্বন্ধে তাদেরকে জানাতে হবে। আপনার বক্তব্য সহজে বুঝতে পারার জন্যে আগেই ফ্লিপ চার্টে একটি সহজ ভ্যালু চেইন এঁকে রাখুন। অংশগ্রহনকারী প্রতিটি ছোট গ্রুপ ভূট্টা, ধান, মাছ, হাঁস-মুরগী পালন ইত্যাদি বিষয়গুলো থেকে প্রত্যেক গ্রুপ একটি ভ্যালু চেইন প্রস্তুত করতে চেষ্টা করবে।

২. অংশগ্রহনকারী যদি ১০ জন বা এর চেয়ে বেশী হয় তাহলে তাদেরকে ছোট-ছোট গ্রুপে ভাগ করে তারা যে পণ্য পছন্দ করে সে পণ্যের ভ্যালু চেইন প্রস্তুত করার জন্যে কাজ করবে। তবে চেষ্টা করতে হবে যাতে প্রতিটি গ্রুপেই সমান সংখ্যক অংশগ্রহনকারী থাকে আর প্রতিটি গ্রুপই যেন নারী ও পুরুষের সমন্বয়ে গঠিত হয়। গ্রুপের সদস্য অনুযায়ী রুমের বিভিন্ন অংশে বসে ভ্যালু চেইন কার্ড গুলোকে নিয়ে কাজ করবে।

প্রতিটি গ্রুপকে ১ সেট করে ভ্যালু চেইন কার্ড দিতে হবে ।

৩. প্রতিটি গ্রুপ যেভাবে ভ্যালু চেইন সৃষ্টি হয় বলে মনে করে - সেভাবে একের পর এক ভ্যালু চেইন কার্ড গুলো সাজিয়ে রাখবে। ভ্যালু চেইন কার্ড লিখিত বিষয়গুলো ছাড়াও যদি সেই গ্রুপের ভ্যালু চেইনকে সঠিক ভাবে বোঝাতে আরো কোন বিষয়ের দরকার পড়ে, সে কারণে না লেখা (ইষধহশ) কিছু কার্ড হাতের কাছে রাখতে হবে। দেয়ালে যথেষ্ট জায়গা থাকলে টেপ দিয়ে কার্ডগুলোকে দেয়ালে সাজিয়ে রাখা যেতে পারে।

৪. কৃষি ভ্যালু চেইনটি সম্পন্ন করার পর প্রতিটি গ্রুপকে ভ্যালু চেইন কার্ডের উল্লেখিত কাজগুলোতে নারী-পুরুষ কার **ভূ**মিকা আছে সেটি নারী-পুরুষের চিত্র এঁকে দেখাতে হবে এবং কার কি ভূমিকা সেটি লিখতে হবে। ভ্যালু চেইনের বিভিন্ন ধাপে সিদ্ধান্ত নেয়া ও নিয়ন্ত্রণ করার অধিকারী কে সেটি নির্দেশ করতে হবে।

৫. উপরের অংশটুকু পূরণ হয়ে যাবার পর প্রতিটি গ্রুপ ভ্যালু চেইনের প্রত্যেক ধাপে পুষ্টি বিষয়ক কি কি থাকবে সেটি নির্ধারণ করবে (যেমন, ফসল সংগ্রহ পরবর্তী পুষ্টি গুণ কমে যাওয়া, গর্ভবর্তী মহিলাদের খাদ্যে উপযুক্ত পরিমান আমিষের অভাব) । প্রতিটি ছোট দল বাকী দলের কাছে তাদের কাজ উপস্থাপন করবে যেখানে ভ্যালু চেইনে জেন্ডারের ভূমিকা ও পুষ্টির পরিমান বাড়নো যাবে। এর জন্যে নীচের প্রশ্নগুলো করতে হবে ঃ-
   - ✓ *সম্পদ **ব্যবহার** এর ক্ষেত্রে কার সুযোগ থাকবে ?*
   - ✓ *সম্পদসমূহ কে **নিয়ন্ত্রণ** করবে ?*
   - ✓ *কি কি হচ্ছে কে **নির্ধারণ** করবে ?*
   - ✓ *কে **অংশগ্রহন** করবে ?*
   - ✓ *সুবিধাবঞ্চিত মানুষের জন্য ভ্যালু চেইনে কি কি পুষ্টি ঘাটতি থাকে ?*
   - ✓ *সম্প্রসারণ সেবাদানকারীরা কোন পর্যায়ে কি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে ?*

৬. অংশগ্রহনকারীদের কাছ থেকে কার্যক্রমের সারমর্ম জানার জন্যে নিচের প্রশ্ন করতে হবে ঃ-
   - ✓ কোন পদ্ধতিতে এবং কাদের জন্যে এই কার্যক্রম পরিচালনা করবেন ? আপনি কি কি পরিবর্তন এখানে আনবেন?

## Resources


INGENAES (2015) Introductory Workshop on Integrating Gender and Nutrition with Agricultural Extension Services. Facilitator's Guide. http://dev.ingenaes.illinois.edu/wp-content/uploads/Gender-and-Nutrition-Facilitators-Guide.pdf

MEAS (2012) Integrating Gender into Extension Services. Discussion Paper. www.meas-extension.org/meas-offers/training/integrating-gender-into-extension-services

Rubin, D., C. Manfre, and K.N. Barrett. (2008) Integrating Gender in Agricultural Value Chains (INGIA-VC) in Kenya. USAID Greater Access to Trade Expansion Project, Arlington, VA: Development & Training Services, Inc. (dTS).

Rubin, D., C. Manfre (2012) Applying Gender Responsive Value Chain Analysis in Extension and Advisory Services. MEAS Technical Note. www.meas-extension.org/meas-offers/technical-notes


*বাংলাদেশ ইনস্টিটিউট অফ আইসিটি ইন ডেভেলপমেন্ট (বিআইআইডি) কর্তৃক বাংলায় অনুদিত*


Designed to be shared.

© INGENAES - Integrating Gender and Nutrition within Agricultural Extension Services

This work is licensed under a Creative Commons Attribution 3.0 Unported License. creativecommons.org/licenses/by/3.0

www.ingenaes.illinois.edu/library



Prepared by Kathy Colverson
University of Florida


Photo Credits: Kathy Colverson and Jan Henderson